



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা।

[www.dshe.gov.bd](http://www.dshe.gov.bd)



স্মারক নং-৭জি/১৬১(ক-৩)/২০১০/৬২৩/৭

তারিখ: ২৭/০২/২০২২ খ্রিস্টাব্দ

বিষয়ঃ ভোলা জেলার সদর উপজেলাধীন রেবা রহমান ডিপ্রি কলেজের অধ্যক্ষের বিরুদ্ধে তদন্তের আলোকে অভিযোগ প্রমাণিত না হওয়ায় অব্যাহতি প্রদান।

- সূত্রঃ ০১. দুদক এর স্মারক নং-০০.০১.০০০০.৫০৩.২৬.৮৩১.২০-৮৮৫২; তারিখ: ০৮/০২/২০২১খ্রি।  
 ০২. মাউশিয়া স্মারক নং-৩৭.০২.০০০০.১০৫.২৭.০৪১.২০.১৫৪; তারিখ: ২৭/০২/২০২১খ্রি।  
 ০৩. ৭জি/১৬১/(ক-৩)/২০১০/৩১৭; তারিখ: ২০/০১/২০২২খ্রি।  
 ০৪. ভোসক/তে/৮৭/৫৩৮; তারিখ: ৩০/০১/২০২২খ্রি।  
 ০৫. মাউশি/বরি/২০২২/৯৪; তারিখ: ১৯/০১/২০২২খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ভোলা জেলার সদর উপজেলাধীন রেবা রহমান মহাবিদ্যালয়ের অধ্যক্ষ জনাব মোঃ মাহবুব আলম-এর বিরুদ্ধে দুর্নীতি দমন কমিশনের অভিযোগের প্রেক্ষিতে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্ত কর্মকর্তার মতামতের পর্যালোচনাঃ

ভোলা জেলার সদর উপজেলাধীন রেবা রহমান কলেজের অধ্যক্ষ জনাব মোঃ মাহবুব আলম (মৃত)-এর বিরুদ্ধে আনীত অনিয়ম ও দুর্নীতির তদন্ত কার্যক্রম পরিচালনার জন্য ২৮/০১/২০২২খ্রি। তারিখে রেবা রহমান কলেজ, ভোলা এর অধ্যক্ষের কক্ষে উপস্থিত হন। বর্তমানে উক্ত কলেজে অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) পদে কর্মরত জনাব মোঃ এমরান হোসেনকে গভর্নিং বডির সভাপতি, অভিযোগকারী মোঃ জসিম উদ্দিন-এর উপস্থিতির বিষয়ে জিজ্ঞাসা করলে তিনি জানান যে, অভিযুক্ত অধ্যক্ষ ২৭/০৪/২০২১খ্রি। তারিখে করোনা আক্রান্ত হয়ে মৃত্যুবরণ করেন এবং এ কারণে অভিযোগকারী জনাব মোঃ জসিম উদ্দিন তার অভিযোগের বিষয়ে সাক্ষ্য প্রদানে অসম্মতি প্রকাশ করেন। অতঃপর তদন্ত কমিটি অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) এর নিকট প্রাক্তন অধ্যক্ষ জনাব মোঃ মাহবুব আলম (মৃত) এর দায়িত্বকালীন সময়ে নিয়োগ সংক্রান্ত কার্যক্রমের নথিসমূহ উপস্থাপনের জন্য বলা হলে, অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) জানান যে, অধ্যক্ষ মোঃ মাহবুব আলম তার সময়ের কলেজের গুরুত্বপূর্ণ নথিসমূহ কলেজে না রেখে তার (মাহবুব আলম) নিজ বাসায় ব্যক্তিগত হেফাজতে রাখতেন। বর্তমান অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) দায়িত্ব গ্রহণ করার পর কলেজের গুরুত্বপূর্ণ নথিসমূহ প্রাক্তন অধ্যক্ষ মোঃ মাহবুব আলমের একমাত্র জীবিত সন্তান মোঃ মেহেদী আলম এর নিকট একাধিকবার যোগাযোগ করলেও ঐ সকল নথির কোন খোঁজ পাননি। অধ্যক্ষ ভোলা সরকারি কলেজ ও প্রধান তদন্ত কর্মকর্তা নিজস্ব মোবাইল থেকে প্রাক্তন অধ্যক্ষ জনাব মাহবুব আলম এর একমাত্র সন্তান মোঃ মেহেদী আলমের মোবাইলে যোগাযোগ করলে সে বলেন যে, তার নিকট কলেজের কোন ফাইল নেই বা সে কোন ফাইল খুঁজে পায়নি। এ কারণে অধ্যক্ষ মোঃ মাহবুব আলম (মৃত) এর সময়কার নিয়োগ সংক্রান্ত কোনো নথি অধ্যক্ষ(ভারপ্রাপ্ত) তাদের সম্মুখে উপস্থাপন করতে পারেননি।

অভিযোগপত্রে বর্ণিত অধ্যক্ষ মোঃ মাহবুব আলম কর্তৃক অফিস সহকারী কামরুল্ল হাসানের সরকারি বেতনের (চাকরি ছেড়ে দেওয়ার পরবর্তী সময়ের) অন্যায়ভাবে উত্তোলিত ৩,১১,৯৭৫/- (তিন লক্ষ এগার হাজার নয়শত পঁচাত্তর) টাকা অধ্যক্ষ মোঃ মাহবুব আলম কর্তৃক ট্রেজারি চালানের মাধ্যমে সরকারি কোষাগারে জমা দেন।

এমতাবস্থায়, বর্ণিত বিষয়ে অভিযোগটি নিষ্পত্তি হওয়ায় এবং অভিযুক্ত অধ্যক্ষ জনাব মোঃ মাহবুব আলম মৃত্যুবরণ করায় তাঁকে উক্ত অভিযোগ হতে অব্যাহতি প্রদান করা হলো।

41/নে/৮৬/২২.২.২১  
(মোঃ আব্দুল কাদের)

সহকারী পরিচালক (কলেজ-৩)

ফোন নং- ৯৫৫৬০৫৭

Email-ncollege@dshe.gov.bd

অধ্যক্ষ

রেবা রহমান ডিপ্রি কলেজ

ভোলা সদর, ভোলা।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হল: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১. পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, বরিশাল অঞ্চল, বরিশাল;
০২. পরিচালক (দৈ.অভিযোগ সেল), দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা (বর্ণিত বিষয়টি সদয় অবহিত করা হলো);
০৩. সভাপতি, পরিচালনা পরিষদ, রেবা রহমান ডিপ্রি কলেজ, সদর, ভোলা;
০৪. সহকারী পরিচালক (সাধারণ প্রশাসন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা (বর্ণিত বিষয়টি সদয় অবহিত করা হলো);
০৫. জেলা শিক্ষা অফিসার, ভোলা;
০৬. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সদর, ভোলা;
০৭. সংরক্ষণ নথি।